# সংস্থার নামের ছাড়পত্রের জন্য আবেদনের নমুনা

| | |
|---|---|
| প্রস্তাবিত সংস্থার সভাপতির **দুই কপি ছবি** (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) | প্রস্তাবিত সংস্থার সাধারণ সম্পাদকের **দুই কপি ছবি** (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) |

বরাবর

উপপরিচালক

জেলা সমাজ সেবা কার্যালয়

............................ জেলা

বিষয়: স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা/প্রতিষ্ঠান/সংগঠন নিবন্ধনের জন্য নামের ছাড়পত্রের আবেদন।

মহোদয়,

আমরা কতিপয় নাগরিক ঐক্যমতের ভিত্তিতে একটি অলাভজনক ও অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার মাধ্যমে সমাজকল্যাণ/জনকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করতে ইচ্ছুক। তৎপ্রেক্ষিতে ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশের আওতায় নিবন্ধনের জন্য আবেদন করছি। উল্লেখ্য যে, প্রস্তাবিত সংস্থাটি অন্য কোন দফতর হতে নিবন্ধিত নয়।

নিম্নে অগ্রাধিকার ভিত্তিতে তিনটি নাম প্রস্তাব করা হল:

১)

২)

৩)

উল্লিখিত তিনটি নামের মধ্যে যে কোন একটি নামে সংস্থা প্রতিষ্ঠার ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করছি।

সংযুক্ত:

(ক) প্রস্তাবিত সংস্থার সভাপতি ও সাধারণ সম্পাদকের দুই কপি করে সত্যায়িত ছবি।
(খ) প্রস্তাবিত সংস্থার নামকরণ সংক্রান্ত সভার সত্যায়িত কার্যবিবরণী।
(গ) প্রস্তাবিত সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য।
(ঘ) সাধারণ সদস্যের জাতীয় পরিচয়পত্রের কপি।

(স্বাক্ষর)
সাধারণ সম্পাদক
নাম:................................................
ঠিকানা:............................................
ফোন/ মোবাইল নম্বর:.............................
জাতীয় পরিচয়পত্র নং-..........................

(স্বাক্ষর)
সভাপতি
নাম:.......................................................
ঠিকানা:..................................................
ফোন/ মোবাইল নম্বর:..................................
জাতীয় পরিচয়পত্র নং-..........................

## তফসিল

[ ২ ধারার (চ) উপ-ধারা দ্রষ্টব্য ]

(১) শিশু কল্যাণ।

(২) যুব কল্যাণ।

(৩) নারী কল্যাণ।

(৪) শারীরিক ও মানসিক অসমর্থ ব্যক্তিদের কল্যাণ।

(৫) পরিবার পরিকল্পনা।

(৬) সমাজ বিরোধী কার্যকলাপ হইতে জনগণকে বিরত রাখিবার উদ্দেশ্যে চিত্ত-বিনোদন কর্মসূচী।

(৭) নাগরিক দায়িত্ববোধ জাগ্রত করিবার উদ্দেশ্যে সামাজিক শিক্ষা, বয়স্কদের শিক্ষা ব্যবস্থা।

(৮) কারামুক্ত কয়েদীদের কল্যাণ ও পুনর্বাসন।

(৯) কিশোর অপরাধীদের কল্যাণ।

(১০) ভিক্ষুক ও দুঃস্থদের কল্যাণ।

(১১) সামাজিক অসমর্থ ব্যক্তিদের কল্যাণ।

(১২) রোগীদের কল্যাণ ও পুনর্বাসন।

(১৩) বৃদ্ধ ও দৈহিক অসমর্থ ব্যক্তিদের কল্যাণ।

(১৪) সমাজকল্যাণ কার্যে প্রশিক্ষণ।

(১৫) সমাজকল্যাণ সংস্থাসমূহের সমন্বয় সাধন।

## নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের চেকলিস্ট

- প্রস্তাবিত সংস্থার নামের ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি ১ কপি
- পূরণকৃত 'বি' ফরম (ফরম জেলা সমাজসেবা কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে)-১ কপি
- জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র;
- ১-২৯৩১-০০০০-১৮৩৬ কোডে জমাকৃত ৫,০০০ (পাঁচ হাজার) টাকার ট্রেজারী চালান রশিদ-১ কপি
- সংস্থার গঠনতন্ত্রের (প্রতি পৃষ্ঠায় সভাপতি ও সাধারণ সম্পাদকের সীলসহ স্বাক্ষরযুক্ত) মূল কপি-৩ সেট
- কার্যকরী পরিষদ ও গঠনতন্ত্র অনুমোদন সংক্রান্ত সভার কার্যবিররণী (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)-১ কপি;
- কার্যকরী পরিষদ গঠন ও সদস্যদের নাম, পদবী, পেশা, ঠিকানাসম্বলিত (স্থায়ী ও বর্তমান) ও নিজ স্বাক্ষরযুক্ত তালিকা-১ কপি
- প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সভাপতি, সম্পাদক ও কোষাধ্যক্ষ প্রত্যেকের ছবি ১ কপি করে মোট-৩ কপি ছবি;
- সভাপতি ও সাধারণ সম্পাদক কর্তৃক প্রত্যায়িত সাধারণ সদস্যদের নাম, পিতার নাম, মাতার নাম, স্বামীর নাম (বিবাহিত নারীর ক্ষেত্রে), পেশা, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং নিজ স্বাক্ষরযুক্ত তালিকা-১ কপি;
- সংস্থার কর্মসূচি (কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতিসহ) আলাদা কাগজে ১ কপি করে মোট-২ কপি।
- সংস্থার কার্যালয়ের মূল দলিলের সত্যায়িত ফটোকপি (নিজস্ব জমি থাকলে) অথবা ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে কার্যালয় ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি (নিজস্ব জমি না থাকলে) জমা দিতে হবে;
- বেসরকারি এতিমখানার ক্ষেত্রে 'খ' ও 'গ' শ্রেণীভুক্ত পৌরএলাকা/ ইউনিয়ন পর্যায়ের ক্ষেত্রে ন্যূনতম ৫(পাঁচ) শতক জমির দলিলের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;
- প্রতিষ্ঠানের/ সংস্থার আসবাবপত্রের তালিকা (সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরযুক্ত)-১ কপি;
- প্রতিষ্ঠানের আয়ের উৎস সম্পর্কিত বিবরণী;
- প্রতিষ্ঠানের সম্ভাব্য আয়-ব্যয়ের বাজেট (সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরযুক্ত)-১ কপি;
- স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সুপারিশপত্র-১ কপি;
- কার্যকরী পরিষদের সদস্যগণ একই পরিবারের সদস্য নন মর্মে সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষরযুক্ত প্রত্যয়ন পত্র-১ কপি;
- এক্সিকিউটিভ বডির সদস্যগণ সংস্থায় চাকুরী করেন না মর্মে প্রত্যয়ন পত্র।

## সংস্থার নমুনা গঠনতন্ত্র

- ভূমিকা:
- প্রতিষ্ঠানের নাম:
- সংস্থার কার্যক্রমের আওতাভুক্ত এলাকা:
  ............. জেলাব্যাপী :
- প্রতিষ্ঠানের ঠিকানা (স্থায়ী ও বর্তমান) :
  বাড়ি নং: ............... গ্রাম/সড়ক: ....................... পো: .......................ওয়ার্ড নং-............... উপজেলা/থানা:....................... পোস্ট কোড:.................. জেলা:.................................
- প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য (বিস্তারিতভাবে): অধ্যাদেশের ২(চ) ধারায় বর্ণিত কার্যক্রমসমূহের আলোকে।
- সদস্য পদ:
  (ক) সদস্য পদের জন্য যোগ্যতা;
  (খ) সদস্য পদের শ্রেণী বিভাগ এবং প্রাপ্তির শর্তাদি ও প্রদেয় চাঁদা;
  (গ) সদস্য গ্রহণ পদ্ধতি;
  (ঘ) বিভিন্ন শ্রেণীর সদস্যদের অধিকার ও সুবিধাদি;
  (ঙ) যুক্তি সংগত কারণে সদস্য পদ বাতিল বা সাময়িকভাবে স্থগিতকরণ যেমন- চাঁদা না দেয়া, সভায় উপস্থিত না হওয়া এবং সংস্থার স্বার্থের পরিপন্থী আচরণ করা (১৯৬২এর বিধি অনুসরণ করতে হবে);
  (চ) সাময়িকভাবে স্থগিত বা বাতিলকৃত সদস্য পদ পুনর্বহাল বা পুনর্গঠন পদ্ধতি;
- শাখা (যদি থাকে): শাখার অধিকার, সুবিধাদি, দায়িত্ব ও অনুমোদন স্থগিত বা প্রত্যাহার পদ্ধতি ;
- সাংগঠনিক কাঠামো: প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি যেমন-সাধারণ পরিষদ, কার্যকরী পরিষদ (২ বছরের জন্য নির্বাচিত) ইত্যাদি পদবী উল্লেখসহ দায়িত্ব, কর্তব্য ও ক্ষমতা বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে;
- সভা: বিভিন্ন ধরনের সভা আহ্বান পদ্ধতি, সভার নোটিশের মেয়াদ, বিভিন্ন সভার জন্য কোরাম; সাধারণ সভা কমপক্ষে ১৫ দিনের নোটিশে, কার্যকরী কমিটির সভা ৭ দিনের নোটিশে, সাধারণ পরিষদের জরুরি সভা ৭ দিনের নোটিশে, কার্যকরী পরিষদের জরুরি সভা ৩ দিনের নোটিশে এবং মুলতবী সভা সর্বোচ্চ ৩ দিনের নোটিশে আহবান করতে হবে। সাধারণ ও কার্যকরী পরিষদের সভা সংখ্যাগরিষ্ঠের উপস্থিতিতে কোরাম হবে;
- কার্যকরী কমিটির নির্বাচন পদ্ধতি;
- বাজেট ব্যবস্থাপনা:
  - ☐ সরকার অনুমোদিত যে কোন ব্যাংকে সংস্থার নামে চলতি/ সঞ্চয়ী হিসাব খুলতে হবে; হিসাবটি সংস্থার সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষ যে কোন ২ জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে;
  - ☐ কার্যকরী কমিটির অনুমোদন ছাড়া অর্থ ব্যয় করা যাবে না, সাধারণ সভায় পরবর্তীতে ব্যয়ের অনুমোদন নিতে হবে; প্রত্যেক মাসের আয়-ব্যয়ের হিসাব এক্সিকিউটিভ কমিটির সভায় অনুমোদন করতে হবে। বৎসর শেষে সকল আয়-ব্যয়ের হিসাব সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।
  - ☐ সংস্থা হিসাব নিরীক্ষা পদ্ধতি সংশ্লিষ্ট বিধির ৯ ধারা মতে ব্যাখ্যা থাকবে;
- সংস্থার জনবল নিয়োগের ক্ষেত্রে নিয়োগবিধি থাকতে হবে এবং লোক নিয়োগের ক্ষেত্রে নিবন্ধনকারী কর্তৃপক্ষের অবহিত করার বিধান থাকতে হবে;
- নিবন্ধিত সংস্থা অধ্যাদেশের আলোকে স্বেচ্ছায় বিলুপ্তির বিধান থাকতে হবে;
- অধ্যাদেশের আলোকে সংস্থার গঠনতন্ত্র সংশোধনের বিধান রাখতে হবে;
- গঠনতন্ত্র প্রণয়নের ক্ষেত্রে ১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ এবং ১৯৬২ সালের বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- এক্সিকিউটিভ বডিতে সংস্থায় চাকুরীরত কোন সদস্য থাকতে পারবেন না ।

## সংস্থার কার্যএলাকা সম্প্রসারণের নিয়মাবলী ও চেকলিস্ট

**নিয়মাবলীঃ**

১. কার্যএলাকা সম্প্রসারণের আবেদনপত্র সংশ্লিষ্ট নিবন্ধন কর্তৃপক্ষের মাধ্যমে (যে জেলায় প্রাথমিকভাবে নিবন্ধিত) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতরের বরাবরে প্রেরণ করতে হবে।

২. এক সাথে ৫টি জেলার বেশি কার্যএলাকা সম্প্রসারণের জন্য আবেদন করা যাবে না;

৩. নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্রে কার্যএলাকা সম্প্রসারণের বিধান থাকতে হবে;

৪. নিবন্ধন লাভের এক বছর পর সংবিধানের লক্ষ্য উদ্দেশ্য অনুযায়ী সন্তোষজনকভাবে কার্যক্রম পরিচালনা করার পর সম্প্রসারণের আবেদন করা যাবে;

৫. সংস্থার নিজ নামে ব্যাংক হিসাবে ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা থাকতে হবে এ বিষয়ে ব্যাংক হিসাব বিবরণী (ব্যাংক ম্যানেজার কর্তৃক প্রদেয়)-০১ কপি দাখিল করতে হবে;

৬. জেলার উপপরিচালক প্রদত্ত সন্তোষজনক কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন সন্তোষজনক মর্মে প্রমাণপত্র থাকতে হবে।

৭. কোন সংস্থা প্রাথমিক সম্প্রসারণের পর দ্বিতীয় দফায় সম্প্রসারণের আবেদন করলে পূর্বের সম্প্রসারিত জেলা/জেলাসমূহের কার্যক্রম সম্পর্কে সংশি-ষ্ট উপপরিচালকগণের প্রতিবেদন ও সুপারিশ থাকতে হবে।

**চেকলিস্টঃ**

কার্যএলাকা সম্প্রসারণ সংক্রান্ত আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজ পত্রাদি দাখিল করতে হবে

ক. নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি- ০১ কপি;

খ. সাধারণ সভার কার্যবিবরণী (সংস্থার কার্যএলাকা সম্প্রসারণের সিদ্ধান্ত সম্বলিত);

গ. নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত গঠনতন্ত্রের সত্যায়িত অনুলিপি-০১ কপি;

ঘ. নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কার্যকরী কমিটির তালিকার সত্যায়িত অনুলিপি -০১ কপি;

ঙ. বর্তমান কার্যক্রমের বিস্তারিত বিবরণ (উপকৃতের সংখ্যাসহ তালিকা) -০১ কপি;

চ. সাধারণ সদস্যদের নাম, পিতার নাম, ঠিকানা, পেশা, স্বাক্ষরসহ তালিকা -০১ কপি;

ছ. সংস্থার কর্মকর্তা/ কর্মচারীর বিবরণ (নাম, পদবী ও বেতন সম্বলিত) তালিকা -০১ কপি;

জ. এক বছরের সম্ভাব্য বাজেট -০১ কপি(কার্যক্রম ভিত্তিক);

ঝ. তিন বছরের বার্ষিক প্রতিবেদন- মোট ৩ কপি

ঞ. অডিট ফার্ম দ্বারা সম্পাদিত সর্বশেষ তিন বছরের অডিট রিপোর্ট - মোট ০৩ কপি;

ট. সম্প্রসারিত এলাকায় উপকমিটি গঠন ও কেন্দ্রীয় কমিটির সাথে যোগাযোগ, তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কিত তথ্যাদির বিবরণ -০১ কপি।

ঠ. দাতা গোষ্ঠীর প্রতিশ্রুতি পত্র (যদি থাকে) -০১ কপি;

ড. আবেদনকারী সংস্থাটি কোন সরকারি প্রতিষ্ঠানের সাথে চুক্তি বা শর্ত ভঙ্গ করে নাই মর্মে অংগীকার নামা।

## স্বেচ্ছাসেবী সংস্থার কমিটি অনুমোদন সংক্রান্ত কাগজপত্রের চেকলিষ্ট:

১) সাধারণ সভার সিদ্ধান্ত

২) বিগত ২ বছরের অডিট রিপোর্ট;

৩) বিগত ১ বছরের বার্ষিক প্রতিবেদন

৪) কার্যএলাকা সম্প্রসারণের আদেশের অনুলিপি;

৫) গত অনুমোদিত কমিটির তালিকা/অনুলিপি;

৬) অধিদফতর থেকে নিবন্ধন সনদ অনুলিপি;

৭) এম আর এ সনদ অনুলিপি(যদি থাকে);

৮) ক্ষুদ্রঋণ পরিচালনা (যদি থাকে) সংক্রান্ত অঙ্গীকারনামা;

৯) সরকারের কোন দপ্তরের সাথে চুক্তিভঙ্গ করেনি মর্মে প্রত্যয়নপত্র;

১০) নির্বাচন সংক্রান্ত সকল ডকুমেন্ট;

১১) নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত ফলাফল;

১২) নির্বাচনী বিষয়ে কোন অভিযোগ নেই মর্মে প্রত্যয়নপত্র;

১৩) একই পরিবারভুক্ত বা পরস্পর আত্মীয় সদস্যদের নিয়ে কমিটি গঠন হয়নি মর্মে প্রত্যয়নপত্র।

১৪) কার্যকরী কমিটির সদস্যগণ সংস্থায় চাকুরী করেন না মর্মে প্রত্যয়নপত্র।

১৫) সংস্থার নির্বাচনের সময় নিবন্ধন কর্তৃপক্ষের প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১৬) একাধিক জেলায় সম্প্রসারিত সংস্থার গঠনতন্ত্র সংশোধন ও কমিটি অনুমোদন সমাজসেবা অধিদফতর হতে গ্রহণ করতে হবে ।

১৭) এক ব্যক্তি সর্বোচ্চ ০৫টি সমাজসেবা কর্তৃক নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার পদ গ্রহণ করতে পারবে।



## স্বেচ্ছাসেবী সংস্থার গঠনতন্ত্র সংশোধনী অনুমোদন সংক্রান্ত কাগজপত্রের চেকলিস্ট:

১) সংস্থার নাম ও ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;
২) সাধারণ সদস্যদের মতামত গ্রহণ করা হয়েছে মর্মে সাধারণ সভার রেজুলেশন;
৩) গঠনতন্ত্র সংশোধনের যৌক্তিক কারণ উল্লেখ করতে হবে;
৪) অধ্যাদেশ ও বিধি সম্মত গঠনতন্ত্র সংশোধন করতে হবে;

# ফরম "বি"

নিবন্ধিকরন কর্তৃপক্ষ
স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ
সমাজসেবা অধিদফতর
জেলা সমাজসেবা কার্যালয়
............................।

জনাব,

আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ, ১৯৬১ সালের স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থাসমূহ (রেজিষ্ট্রিকরণ ও নিয়ন্ত্রণ) অধ্যাদেশ (১৯৬১ সালের ৪৬ নং অধ্যাদেশ) এর বিধানাবলী মোতাবেক একটি সংস্থা স্থাপনের প্রস্তাব করিতেছি।

প্রস্তাবিত সংস্থার বিবরণ নিম্নে দেওয়া হইল ঃ

০১. সংস্থার নাম.........................................................................................

০২. সংস্থার ঠিকানা-
গ্রাম/মহলা ঃ..........................................বাড়ী নং-.........................................
রোড নং............................ওয়ার্ড নং............................ডাকঘর..........................
পোঃ কোডঃ ........................থানা...........................উপজেলা............................
জেলা .........................................।

০৩. সংস্থার উদ্দেশ্য ও লক্ষ্য ........................................................................
(সংস্থা কর্তৃক গৃহীত বর্তমান চালু কার্যক্রমের অথবা ভবিষ্যতের গ্রহণযোগ্য কার্যক্রমের ভিত্তিতে উলেখ করতে হবে)।

০৪. সংস্থার কার্যক্রমের সীমানা/পরিধি .......................................................................
...............................................................................................................
(স্থানীয় এলাকা, গ্রাম,ইউনিয়ন, উপজেলা ও জেলা পর্যায়ে সংস্থার বিবরণ উলেখ করতে হবে)।

০৫ কার্য পরিচালনা প্রকল্প(সংস্থা স্থাপনের জন্য গৃহীতব্য ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ দিয়া প্রয়োজনবোধে স্থান, যোগ্যতাসম্পন্ন ব্যক্তি ও সরঞ্জামাদি সম্পর্কে একটি পৃথক পৃষ্ঠা সংযুক্ত করা যাইবে)।

০৬. কি প্রকারে অর্থের সংস্থান করা হবে।

০৭. প্রতিষ্ঠাতা সদস্যের নাম, পদবী, পেশা ও ঠিকানা ঃ

| ক্রমিক | নাম | পদবী | পেশা | ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

চলমান পাতা/১

০৮.সংস্থার তহবিল জমা রাখিবার জন্য ব্যাংক বা ব্যাংকসমূহের নাম ।

অনুরোধ করা যাইতেছে যে, পূর্ববর্ণিত অধ্যাদেশ অনুযায়ী সংস্থাটি রেজিস্ট্রি করা হউক। আমরা অঙ্গিকার করিতেছে যে, সংস্থার কর্মকর্তাগণের কোন রদ-বদল হইলে তাহা রদ-বদলের ৩০ দিনের মধ্যে আপনাকে অবহিত করিব।
৫০০০/ টাকার ট্রেজারী চালান ও সংশ্লিষ্ট গঠনতন্ত্রের একটি অনুলিপি ইহার সঙ্গে সংযুক্ত করা হইল।
আমরা এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, উপরিউক্ত তথ্য নির্ভুল।
(সকল প্রতিষ্ঠাতা-সদস্য নিম্নে স্বাক্ষর করিবেন)।

আপনার বিশ্বস্ত,

সাক্ষীগণের নাম(পূর্ণ) ঠিকানা ও স্বাক্ষরসহ

| ক্রমিক | নাম | পদবী | পেশা | ঠিকানা |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |